



ড. মুহাম্মদ ইউনুস




সালেহ উদ্দিন আহমেদ



আসিফ নজরুল



আদিলুর রহমান খান



এএফ হাসান আরিফ



তোহিদ হোসেন



সৈয়দা রিজওয়ানা হাসান



শারমিন মুরশিদ



ফারুকী আজম



এম সাক্ষাত্ত্বাত হোসেন



সুপ্রদীপ চাকমা



বিধান রঞ্জন রায়



খালিদ হাসান



ফরিদা আখতার



নূরজাহান বেগম



নাহিদ ইসলাম



আসিফ মাহমুদ

## ড. ইউনুসের নেতৃত্বে ১৭ সদস্যের অন্তর্বর্তীকালীন সরকারের যাত্রা শুরু

নোবেল বিজয়ী অর্থনৈতিবিদ ড. মুহাম্মদ ইউনুসকে প্রধান উপদেষ্টা করে ১৭ সদস্যের অন্তর্বর্তী সরকার যাত্রা শুরু করেছে। বৃহস্পতিবার (৮ আগস্ট) রাতে প্রধান উপদেষ্টা সহ ১৪ জন উপদেষ্টা বঙ্গভবনের শপথ গ্রহণ করে দেশ পুনর্গঠনের প্রত্যয় ঘোষণা করেন।

ড. মুহাম্মদ ইউনুসের নেতৃত্বে গঠিত হয় অন্তর্বর্তী সরকার। ৮ আগস্ট রাতে বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে শপথ নিয়েছেন উপদেষ্টারা। এদিনই দুপুরে ফ্রাঙ থেকে দেশে ফিরেন ড. ইউনুস। আইনশুভেলা ফেরানো প্রথম কাজ বলে জানিয়েছেন তিনি।

৮ আগস্ট রাত ৯টা ২১ মিনিটের দিকে বঙ্গভবনে এই শপথগ্রহণ অনুষ্ঠান হয়। অন্তর্বর্তী সরকারের প্রধান হিসেবে প্রথম শপথ নেন ড. মুহাম্মদ ইউনুস। পরে শপথ বইয়ে সই করেন তিনি।

শপথ অনুষ্ঠান পরিচালনা করেন মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন।

পরে ৯টা ২৮ মিনিটে এই সরকারের ১৩ জন উপদেষ্টাও শপথ নিয়েছেন। তিনি জন ঢাকার বাইরে থাকায় উপস্থিত হতে পারেননি।

শপথ অনুষ্ঠানের শুরুতে মহান মুক্তিযুদ্ধে

শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এরপর কেটা সংস্কার আন্দোলনে নিহতদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

### রঙ বেরঙ প্রতিবেদন

বিধান রঞ্জন রায়, সুপ্রদীপ চাকমা ও ফারুকী আয়ম চাকার বাইরে থাকায় এ শপথ অনুষ্ঠান উপস্থিত হননি বলে সচিব জানান। তবে পরবর্তী সময়ে এই তিনি জন উপদেষ্টাও শপথ গ্রহণ করেছেন।

### অন্তর্বর্তী সরকারের দণ্ডের ব্যবস্থা

অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টাদের মধ্যে দণ্ডের ব্যবস্থা করা হয়েছে। যেখানে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনুস তাঁর হাতে রেখেছেন মন্ত্রিপরিষদ ও সশস্ত্র বাহিনী বিভাগসহ ২৫টি দণ্ডের।

রাষ্ট্রপতির আদেশক্রমে শুরুবার মন্ত্রিপরিষদ সচিবের সই করা এক প্রজ্ঞাপনে এই দণ্ডের ব্যবস্থার কথা জানানো হয়।

### কার হাতে কোন দণ্ডের

মুহাম্মদ ইউনুস: মন্ত্রিপরিষদ বিভাগ, প্রতিরক্ষা মন্ত্রণালয়, সশস্ত্র বাহিনী বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, খাদ্য মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, নৌ পরিবহন মন্ত্রণালয়, পানি সম্পদ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক

মন্ত্রণালয়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বেসামুরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

সালেহ উদ্দিন আহমেদ: অর্থ ও পরিবহন মন্ত্রণালয়, আফিস নজরুল: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আদিলুর রহমান খান: শিল্প মন্ত্রণালয়, এ এফ হাসান আরিফ: স্থানীয় সরকার, পট্টী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, তোহিদ হোসেন: পরিবার্ত্তা মন্ত্রণালয়, সৈয়দা রিজওয়ানা হাসান: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, শারমিন এস মুরশিদ: সমাজ কল্যাণ মন্ত্রণালয়, এম সাক্ষাত্ত্বাত হোসেন: স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আ ফ ম খালিদ হোসেন: ধর্ম মন্ত্রণালয়, ফরিদা আখতার: মৎস্য ও প্রাণি সম্পদ মন্ত্রণালয়, নূরজাহান বেগম: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মো. নাহিদ ইসলাম: ডাক, টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তি মন্ত্রণালয়, আসিফ মাহমুদ সজীব ভূইয়া: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। পরবর্তীতে শপথ নেওয়া

উপদেষ্টাগণ বিধান রঞ্জন রায়: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সুপ্রদীপ চাকমা: চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং ফারুকী আয়ম: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।